

বাঘা উপজেলার আইন শৃংখলা কমিটির মার্চ ২০১৮ মাসের কার্যবিবরণী :

সভাপতিঃ মোঃ শাহিন রেজা  
উপজেলা নির্বাহী অফিসার  
বাঘা, রাজশাহী ।

সময় : বেলা ১১-০০ ঘটিকা

সভার তারিখ : ১২/৩/১৮ খ্রিঃ  
সভার স্থান : বাঘা উপজেলা পরিষদ মিনি সম্মেলন কক্ষ ।  
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে গুনানো হয় এবং তাতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। বাঘা উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বাঘাবাসীসহ সকল আইন শৃংখলা রক্ষাকারি বাহিনীকে সতর্ক থাকার আহবান জানানো হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী : (১) উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা :

অফিসার ইনচার্জ, বাঘা থানা ও উপস্থিত ইউ,পি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করে আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে উপস্থিত চেয়ারম্যানগণ জানান যে, বর্তমান সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি বেশ ভাল। আলোচনায় অফিসার ইনচার্জ, বাঘা থানা ফেব্রুয়ারী/১৮ মাসে সংঘটিত অপরাধ ও মামলা দায়ের সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি সভায় জানান যে, বাঘা থানার আইন শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক। তিনি সভায় নিম্নরূপভাবে অপরাধচিত্র উপস্থাপন করেন।

ক্রমিক নং	বিবরণ	বিগত মাসের মামলা সংখ্যা	ফেব্রুয়ারী/১৮ মাসের মামলা সংখ্যা	মন্তব্য
১।	খুন	--	--	-
২।	অস্ত্র আইন	-	--	-
৩।	মাদকদ্রব্য	০৩	১৫	-
৪।	চোরাচালান	--	--	-
৫।	চুরি	--	-	-
৬।	নারী ও শিশু নির্যাতন	--	--	-
৭।	অপহরণ	--	-	-
৮।	অন্যান্য	--	০৩	-
	মোট	০৩	১৮	

ক্রঃনং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.১	প্রতিমাসে নিয়মিত কার্যবিবরণী প্রেরণ করার জন্য সকলকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউ,পি সচিব
১.২	উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি সম্মুন্নত রাখার স্বার্থে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	অফিসার ইনচার্জ, বাঘা থানা

আলোচ্য সূচী : (২) মাদক দ্রব্য প্রতিরোধ :

অফিসার ইনচার্জ বাঘা থানা মাদক দ্রব্য সেবন ও বিক্রি রোধ বিষয়ে সভায় আলোচনা করেন। তিনি বলেন মাদক ব্যবহার রোধে অভিযান পরিচালনা করা অব্যাহত আছে এবং এ উপজেলাতে ফেন্সিডিল, হিরোইন, গাঁজা ও চোলাই মদ সহ বিভিন্ন ধরনের নেশা জাতীয় দ্রব্য বিক্রয় ব্যবহার বিষয়ে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সভায় এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। উঠতি বয়সের ছেলেদের মধ্যে মাদকের ব্যবহার বেশী পরিলক্ষিত হয় মর্মে সভা অবগত হয়। সেক্ষেত্রে মাধ্যমিক পর্যায়ের স্কুলগুলোতে মাদক বিরোধী বক্তব্য/সভা সেমিনার আয়োজনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। প্রতিমাসে এ ধরনের অনুষ্ঠান করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও নিয়মিত টাঙ্কফোর্স কমিটির অভিযান পরিচালনার জন্য অনুরোধ করা হয়।



সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহিন রেজা)

সভাপতি

উপজেলা আইন শৃংখলা কমিটি

ও

উপজেলা নির্বাহী অফিসার

বাঘা, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

বাঘা, রাজশাহী।

[www.bagha.rajshahi.gov.bd](http://www.bagha.rajshahi.gov.bd)

স্মারক নং ০৫.৪৩.৮১১০.০১০.১০.০০৩.১৮ - ৩৬৪ (৪০)

তারিখ : ০৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ  
২০ মার্চ ২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি রাজশাহী-৬, মাননীয় প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী
- ০৩। পুলিশ সুপার, রাজশাহী
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী
- ০৫। মেয়র, বাঘা পৌরসভা/আড়ানী পৌরসভা, বাঘা, রাজশাহী
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘা থানা, রাজশাহী।
- ০৭। উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, বাঘা, রাজশাহী।
- ০৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘা, রাজশাহী।
- ০৯। কোম্পানী কমান্ডার, বিজিবি, আলাইপুর বিওপি, বাঘা, রাজশাহী।
- ১০। জনাব ..... বাঘা, রাজশাহী

(মোঃ শাহিন রেজা)

উপজেলা নির্বাহী অফিসার

বাঘা, রাজশাহী

ফোন নং-০৭২৩৩-৫৬০০২(অফিস)

[Email:unobagha@mopa.gov.bd](mailto:unobagha@mopa.gov.bd)